

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-০৫.৪৫.৮৯০০.০২১.৮৮.০০২.২০-৩৫৯

তারিখ : ০৪/০২/২০২৪ইং

জেলা প্রশাসন, শেরপুর কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত শেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ এর জন্য প্তে থেকে দশম শ্রেণী পর্যন্ত গণিত পাঠদান করতে পারেন এমন যোগ্যতার সহকারী শিক্ষক নিয়োগ করা হবে। বাংলাদেশের প্রকৃত নাগরিকগণ যে কোন জেলা হতে আবেদন করতে পারবেন।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
০১	সহকারী শিক্ষক (গণিত) বেতন (আলোচনা সাপেক্ষে)	০১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে অনার্সসহ মাস্টার্স পাশ। বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ (গণিত বিষয়ে অভিজ্ঞ) প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।	প্রাথমিকভাবে প্রতিষ্ঠানের নিজস্ব বিধি মোতাবেক বেতন- ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা নির্ধারিত হবে। পর্যায়ক্রমে বা চাকরি সম্ভাষণজনক হলে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সাপেক্ষে নির্ধারিত বেতন স্কেল/গ্রেড অনুযায়ী বেতন-ভাতা প্রদান করা হবে।

শর্তসমূহ :

- (১) শিক্ষকতার মানসিকতা সম্পন্ন প্রার্থীকে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর, বৈবাহিক অবস্থা, উচ্চতা, বয়স উল্লেখ পূর্বক ০৮/০২/২০২৪ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩৫ বছর তবে অভিজ্ঞদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। প্রযোজ্য ক্ষেত্রে পারদর্শীতার বিষয় উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে), জাতীয় পরিচয় পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ স্বহস্তে লিখিত দরখাস্ত প্রযোজ্য প্রতিষ্ঠানের অনুকূলে সভাপতি, শেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, শেরপুর বরাবর আবেদন করতে হবে।
- (২) আবেদন পত্র অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর এর নিকট সরাসরি/কুরিয়ার/ডাকযোগে আগামী ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে পাঠাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল মর্মে গণ্য হবে।
- (৩) শেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, শেরপুর তথা প্রযোজ্য প্রতিষ্ঠানের অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য ও উত্তোলনযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরখাস্তের সাথে জমা প্রদান করতে হবে।
- (৪) লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে ডাকযোগে/মোবাইল এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে। তবে এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ কিংবা চাকরি প্রদানের নিশ্চয়তা বহন করে না। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (৫) নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা বা পদ-হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (৬) সম্পূর্ণ মেধা, দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। কোন প্রকার তদবির, সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং উক্ত প্রার্থীর প্রার্থীতাও সরাসরি অগ্রহণযোগ্য হবে। কোন তথ্য গোপন কিংবা তথ্যের স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে কিংবা প্রতারণার আশ্রয় নিলে প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৭) এই নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসন, শেরপুর এর ওয়েব সাইট (www.sherpur.gov.bd) এ পাওয়া যাবে। প্রয়োজনে sherpurcollectorate11@gmail.com, ০১৭৭৪১০৮০৬৬।

০৪/০২/২৪

আব্দুল্লাহ আল খায়রুম
জেলা প্রশাসক, শেরপুর

ও

সভাপতি

শেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
শেরপুর।